



# বিএমএ নিউজ

১৬ মার্চ ১৪২৩/২৯ জানুয়ারি ২০১৭

## বিএমএ'র উদ্যোগে বংশালে দরিদ্র শীতর্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ



২৯ জানুয়ারি ২০১৭ রবিবার বিকাল ৪:০০টায় বীরশ্রেষ্ঠ মতিউর রহমান স্কুল প্রাঙ্গণ, আগাসাদেক রোড (বাংলাদেশ মাঠ) বংশাল, এলাকায় বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের উদ্যোগে এসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও মহাসচিব ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী'র নেতৃত্বে দুস্থ ও দরিদ্র শীতর্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের সমাজ কল্যাণ সম্পাদক ডা. সোহেল মাহমুদ এর ব্যবস্থাপনায় ও মেডিসিন ক্লাব, ঢাকা এর সহযোগিতায় অনুষ্ঠানে এসোসিয়েশনের সহ-সভাপতি ডা. আন ম ফজলুল হক পাঠান, যুগ্ম-মহাসচিব ডা. মোঃ কামরুল হাসান (মিলন), দপ্তর সম্পাদক ডা. মোহাঃ শেখ শহীদ উল্লাহ, সাংস্কৃতি ও আপ্যায়ন বিষয়ক সম্পাদক ডা. পূর্বী রাণী দেবনাথ, গ্রন্থাগার ও প্রকাশনা সম্পাদক ডা. কাজী শফিকুল হালিম (জিম্মু), কেন্দ্রীয় কার্যকরী পরিষদের সদস্য ডা. মোঃ জামাল উদ্দিন চৌধুরী, ডা. জহুরুল হক সাচ্চু, ডা. হাসানুর রহমান, কেন্দ্রীয় কাউন্সিল সদস্য ডা. শেখর মন্ডল, ডা. মারজুক, ডা. শারমিন, ডা. রাফি ও মেডিসিন ক্লাব কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক আদনান রেজা উপস্থিত ছিলেন।

এছাড়াও বীরশ্রেষ্ঠ মতিউর রহমান স্কুল পরিচালনা কমিটির সভাপতি ও ৩৩ নং ওয়ার্ড আওয়ামী লীগ, ঢাকা মহানগর দক্ষিণ এর সভাপতি জনাব মোঃ ইলিয়াস রশীদ সহ স্থানীয় গণ্য-মান্য ব্যক্তিবর্গ উপস্থিত থেকে শীতবস্ত্র বিতরণে সহযোগিতা করেন। উপস্থিত প্রায় সাত শতাধিক দুস্থ ও দরিদ্র শীতর্তদেরকে শীতবস্ত্র প্রদান করা হয়।